তারিখ 24 SEP 1992
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

আজকের কাগজ

# যশোর বোর্ডের এসএসসি পরীক্ষায় ফলাফলে ভূতের আছর

এবারের এসএসসি পরীক্ষার ফলাফলে যশোর বোর্ডের কর্মকর্তাদের গাফিলতি, অনিয়ম এবং রেজাল্টশীটে মারাত্মক ভুলের ছড়াছড়ি লক্ষ্য করা গেছে। শৈলকুপা থানার বেনীপুর মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র তৌফিকুজ্জামান মিয়া এবারের এসএসসি পরীক্ষায় অংশ নেয়। তার রোল শৈলঃ ৫২৯। রেজাল্ট শীটে তার রোল নাম্বার না থাকায় তাকে অকৃতকার্য ঘোষণা করা হয়। কিন্তু উক্ত বিদ্যালয়ে গত ১৪ সেপ্টেম্বর মার্কসশীট এসে পৌঁছলে দেখা যায় যে, তৌফিকুজ্জামান মিয়া সমাজ বিজ্ঞান বিভাগ থেকে দ্বিতীয় বিভাগে পাস করেছে এবং তার প্রাপ্ত নম্বর ৫৯৩। অপর ঘটনাটি ঘটেছে একই থানার কাঁচেরকোল মরিয়মনেছা বালিকা বিদ্যালয়ে। এ বিদ্যালয়ের ছাত্রী নাজমা আহমেদ, রোল ঃ শৈল ম-১০২৫। সমাজ বিজ্ঞান বিভাগ। প্রকাশিত ফলাফলে তাকে ১ম বিভাগে উত্তীর্ণ হয়েছে বলে উল্লেখ রয়েছে। কিন্তু একই তারিখে মার্কসশীট এসে পৌঁছলে দেখা যায় যে, নাজমা আহমেদ দু'টি বিষয়ে লেটারসহ স্টার মার্কস পেয়েছে এবং তার প্রাপ্ত মার্কস ৭৭১। নিয়মানুসারে স্টারপ্রাপ্তদের ক্ষেত্রে স্টার চিহ্ন থাকার কথা থাকলেও এক্ষেত্রে তা ছিলো না। এমনকি টেবুলেশন শীটেও উভয় পরীক্ষার্থীর ব্যাপারে প্রাপ্ত ফলাফলের সুনির্দিষ্ট কোনো প্রমাণ ছিলো না। এই ঘটনায় ছাত্র-শিক্ষক ও অভিভাবক মহলে যশোর বোর্ড সম্পর্কে বিরূপ ধারণার সৃষ্টি হয়েছে। শৈলকুপা থেকে সনরুল অ…